

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর এটি পূর্ববর্তী কিতাব সমূহকে
সত্যায়ন করে, যেমন তওরাত। আর তা
এজন্য যাতে তোমাদের জন্য হালাল
করে দেই কোন কোন বস্তু যা তোমাদের
জন্য হারাম ছিল।

সূরা আল ইমরান ৫০

দৈনিক

বীর্ঘনাখাণা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আসীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

গ্র্যান্ডপ্রয় সিমেন্ট
ইস্রাইলের মরহুত গৌরব



সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৭১১০২৭১০৪

বরিশাল ৥ শনিবার ৥ ০৪ জুলাই ২০২৬ ৥ ১৯ মহররম ১৪৪৮ ৥ ১৯ আষাঢ় ১৪৩৩ ৥ ৯ম বর্ষ ৥ ৩৩ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা



জামায়াত শরিয়াহ রাষ্ট্র
চায়, যা দেশের মানুষের
চাওয়ার সঙ্গে যায় না



‘স্বাধীনতা ও সার্বভৌমত্বের
প্রশ্নে কারও সঙ্গে কোনো
আপস নয়’



বিনিয়োগের জন্য পটুয়াখালী
ইপিজেড পুরোটা চায়
মালয়েশিয়া ও চীন

বরিশালে আশঙ্কাজনক
হারে বাড়ছে ডেঙ্গু রোগী

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিভাগে আশঙ্কাজনক হারে বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা। চলতি বছরের প্রথম ৬ মাসেই অক্রান্ত ২ হাজার ছাড়িয়েছে। স্বাস্থ্য বিভাগের হিসাবে, এবার সবচেয়ে বেশি রোগী শনাক্ত হয়েছে পিরোজপুর ও বালকাঠি জেলায়। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে বর্তমানে ২৪ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন। এবার আলাদা আইসোলেশন ওয়ার্ড না থাকায় সাধারণ ওয়ার্ডেই নিতে হচ্ছে চিকিৎসা। রোগীদের বেশিরভাগ পিরোজপুর, বালকাঠি ও বরগুনা জেলায়। তাদের অভিযোগ, স্থানীয় পর্যায়ে নিয়মিত মশার ওষুধ না ছিটানো, ময়লা-আবর্জনা ও খাল পরিষ্কার না করায় ডেঙ্গুর বিস্তার ঘটছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানায়,



শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী পরিচালক আব্দুল মুন্সারেম সাদ বলেন, ‘গত বছরের মতো এ বছরও পিরোজপুর, বরগুনা সহ কয়েকটি জেলায় ডেঙ্গুর প্রকোপ বেশি দেখা যাচ্ছে। আমাদের মেডিসিন ইউনিট ছিল চারটি সেবান থেকে ছয়টি মেডিসিন

ইউনিট চালু করছি। আমরা প্রত্যেকটি মেডিসিন ওয়ার্ডে একটি করে আইসোলেশন বেড স্থাপনের চেষ্টা করছি। আমরা পর্যাপ্ত পরিমাণ স্যালাইন মজুত রেখেছি। পাশাপাশি সাপোর্টিং যে ওষুধগুলো দরকার সেগুলো আমাদের রয়েছে। মশার কামড় থেকে নিজেকে বাঁচাতে পারলেই ডেঙ্গু থেকে রক্ষা পাওয়া যাবে, এক্ষেত্রে সচেতনতা জরুরি। পরিষ্কার স্বচ্ছ পানি কোথাও যাতে জমে না থাকে সেদিকে খোয়াল রাখতে হবে।’ সিটি করপোরেশনের নির্বাহী

কর্মকর্তা রেজাউল বারী বলেন, ‘সিটি করপোরেশনের এলাকায় পরিচ্ছন্নতা কর্মীরা নিয়মিত কাজ করে যাচ্ছে। আমাদের মশা নিধন একটি শাখাও রয়েছে। আমরা সর্বোচ্চ ২ এর পাতায় দেখুন

দেশে হামের
উপসর্গে আরও
৫ মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

দেশে হাম রোগের উপসর্গ নিয়ে আরও পাঁচ শিশু মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৩৬ জনে। সেই সঙ্গে নিশ্চিত হামে প্রাণহানি ঘটেছে ৯৩ শিশুর। শুক্রবার (৩ জুলাই) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, বৃহস্পতিবার সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কেউ মারা না গেলেও সন্দেহজনক হাম রোগে মৃত্যু হয়েছে পাঁচজনের। অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৯৩ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৬৩৬ জন। সব মিলিয়ে হাম-সন্দেহে রোগে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৭২৯ জনে। প্রতিবেদনে উল্লেখিত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৩৯ জনের। এ সময় সন্দেহজনক হাম ২ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে লঘুচাপ
সমুদ্রবন্দরে ৩ নম্বর
সতর্ক সংকেত

কীর্তনখোলা ডেস্ক

বঙ্গোপসাগরে লঘুচাপ সৃষ্টি হওয়ায় উপকূলীয় এলাকার ওপরি দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এজন্য চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ভিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। শুক্রবার (৩ জুলাই) বিকেলে এ বিষয়ে আবহাওয়ার সতর্কবার্তা দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। বার্তায় বলা হয়, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় সৃষ্টি লঘুচাপটি একই এলাকায় অবস্থান করছে। এটি ঘনীভূত হতে পারে। এর প্রভাবে সমুদ্রবন্দরগুলো, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপরি দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। আবহাওয়া অধিদপ্তর আরও জানায়, উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাহ ২ এর পাতায় দেখুন

প্রীতি ফুটবল ম্যাচের
আগে আর্জেন্টিনা
সমর্থকের মৃত্যু

তালতলী প্রতিনিধি

বরগুনার তালতলীতে আর্জেন্টিনা ও ব্রাজিল সমর্থকদের মধ্যে আয়োজিত একটি প্রীতি ফুটবল ম্যাচ গুল্লর আগেই খোকন কর্মকার (৪০) নামের এক আর্জেন্টিনা সমর্থকের মৃত্যু হয়েছে। শুক্রবার (৩ জুলাই) বিকেলে তালতলী সরকারি ডিগ্রি কলেজ মাঠে এইচএসসি-২০০০ ব্যাচের উদ্যোগে আয়োজিত ম্যাচের আগে এ ঘটনা ঘটে। নিহত খোকন কর্মকার উপজেলার মালিপাড়া এলাকার দিলীপ কর্মকারের ছেলে। তিনি পেশায় একজন স্বর্ণ ব্যবসায়ী ছিলেন। প্রত্যক্ষদর্শীরা জানান, ম্যাচ গুল্লর আগে খেলোয়াড়রা অনুশীলন করছিলেন। এ সময় হঠাৎ খোকন কর্মকার মাঠেই অসুস্থ হয়ে পড়ে যান। পরে উপস্থিতরা দ্রুত তাকে তালতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা ২ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল ফ্লাইটের সংকট
ভোগান্তিতে যাত্রীরা

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল আকাশপথে যাত্রীদের চাহিদা থাকলেও পর্যাপ্ত ফ্লাইট না থাকায় ভোগান্তিতে পড়ছেন নিয়মিত চলাচলকারী যাত্রীরা। বর্তমানে এই রুটে সপ্তাহে মাত্র ৩ দিন একটি করে ফ্লাইট আসা-যাওয়া করছে। ফলে জরুরি প্রয়োজনে যাত্রীরা সময়মতো গন্তব্যে পৌঁছাতে পারছেন না। ১৯৮৫ সালে বাণগঞ্জ উপজেলার রহমতপুরে একর জমির ওপর এই বিমানবন্দরটি নির্মাণ করা হয়। ১৯৯৫ সালের ৩ ডিসেম্বর এর বাণিজ্যিক যাত্রা শুরু হয়। একসময় এই রুটে প্রতিদিন সরকারি ও বেসরকারি মিলিয়ে অন্তত ৮টি ফ্লাইট চলাচল করত। তবে পদ্মা সেতু চালুর পর পর্যায়ক্রমে বেসরকারি এয়ারলাইনসগুলো

তাদের কার্যক্রম বন্ধ করে দেয়। বর্তমানে কেবল বাংলাদেশ বিমান সত্তায়ে ৩ দিন (বৃহস্পতিবার, শুক্রবার ও রোববার) ফ্লাইট পরিচালনা করছে। সম্প্রতি বরিশাল বিমানবন্দরে কথা হয় নিয়মিত



বিভিন্ন মিটিংয়ে জরুরি কাজে যেতে হয়, কিন্তু সপ্তাহে ৫ দিন ফ্লাইট ২ এর পাতায় দেখুন



গণভোটের গণরায় বাস্তবায়ন না হওয়া
পর্যন্ত সংগ্রাম চলবে: অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

শুক্রবার (৩ জুলাই) নগরীর সেফুরি কমিউনিটি সেন্টারে বাংলাদেশ জামায়াতে ইসলামী, বরিশাল মহানগরীর কোতাবালী উত্তর থানা কর্তৃক আয়োজিত দিনব্যাপী কর্মী শিক্ষাশিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল ও বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী এ্যাড মুহাম্মদ হোসাইন হেলাল। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, গণভোটের গণরায় বাস্তবায়ন না হওয়া পর্যন্ত বাংলাদেশ জামায়াতে ইসলামীসহ বিরোধী দলগুলোর আন্দোলন-সংগ্রাম চলাবে এবং চলবে। গণভোটের রায় বাস্তবায়নের প্রক্ষেপে আমরা কাউকে ছেড়ে কথা বলবো না। জুলাই আন্দোলনের মাধ্যমে অর্জিত নতুন বাংলাদেশের সরকারের প্রধান দায়িত্ব হলো জুলাই সনদ বাস্তবায়ন করা। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বিএনপি সরকার এখনও পুরোন ধারায় দেশ চালাচ্ছে এবং জনগণের কাছে দেওয়া প্রতিশ্রুতি ভঙ্গ করে পুরাতন কায়দায় নতুন ফ্যাসিবাদ কার্যেরে অপচেষ্টা চালাচ্ছে। তিনি ২ এর পাতায় দেখুন



বড় পর্দায় বিশ্বকাপ ফুটবল দেখতে বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরান এর উদ্যোগে বেলস পার্ক মাঠে স্থাপন করা হয়েছে এলইডি স্ক্রিন

কীর্তনখোলা

ঘুমন্ত বাবাকে শিল-পাটার
আঘাতে হত্যা করে ছেলে

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলায় ঘুমন্ত এক বৃদ্ধাকে ওই বৃদ্ধার লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয় বলে জানান মির্জাগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) খান মো. নূরুল ইসলাম। নিহত উত্তম দেবনাথ (৬০) ওই গ্রামের বাসিন্দা। তিনি পেশায় দিনমজুর ছিলেন। আটক ছেলের নাম তাপস দেবনাথ।



(৩৮)। পুলিশ পরিদর্শক নূরুল ইসলাম বলেন, এ সময় তার ডাক-চিৎকার শুনে পাশের কক্ষ থেকে ‘উত্তম দেবনাথের প্রথম ঘরের সন্তান তাপস শ্রী কানন ছুটে গিয়ে উত্তমকে রক্তাক্ত অবস্থায় দেখে দেবনাথ। তাপসকে জিজ্ঞাসাবাদ করার পর তার

কথাবার্তা অসংলগ্ন মনে হচ্ছে। তার এক বোন তাপসি দেবনাথ ঢাকা থাকেন। তিনি বড়না হয়েছেন। তিনি আসার পরেই আইনি প্রক্রিয়া শুরু এ ঘটনায় নিহতের ছেলেকে আটক করেছে পুলিশ।

শুক্রবার সকালে উপজেলার পূর্ব সুবিদখালী গ্রাম থেকে ওই বৃদ্ধার লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয় বলে জানান মির্জাগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) খান মো. নূরুল ইসলাম। নিহত উত্তম দেবনাথ (৬০) ওই গ্রামের বাসিন্দা। তিনি পেশায় দিনমজুর ছিলেন। আটক ছেলের নাম তাপস দেবনাথ। পুলিশ পরিদর্শক নূরুল ইসলাম বলেন, এ সময় তার ডাক-চিৎকার শুনে পাশের কক্ষ থেকে ‘উত্তম দেবনাথের প্রথম ঘরের সন্তান তাপস শ্রী কানন ছুটে গিয়ে উত্তমকে রক্তাক্ত অবস্থায় দেখে দেবনাথ। তাপসকে জিজ্ঞাসাবাদ করার পর তার তিনিও চিৎকার শুরু ২ এর পাতায় দেখুন

নিষিদ্ধ আলীগ ও
জামায়াতের বিরুদ্ধে
ছাত্রদলের বিক্ষোভ

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলায় নিষিদ্ধ আগুামী লীগ ও জামায়াতের সহস্রা ও নেরাজের প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে উপজেলা ছাত্রদল। শুক্রবার (৩ জুলাই) দুপুরে বাউফল পৌর শহরের বিক্ষোভ মিছিলটি অনুষ্ঠিত হয়। বিক্ষোভ মিছিলটি পৌর শহরের ৮ নম্বর ওয়ার্ডে অবস্থিত সাবেক সংসদ সদস্য শহিদুল আলম তালুকদারের বাসভবনের সামনে থেকে বিক্ষোভ মিছিলটি বের করা হয়। পরে মিছিলটি উপজেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বাউফল সরকারি কলেজের ফটকের সামনে সংক্ষিপ্ত ২ এর পাতায় দেখুন

হাসপাতালে পুত্রবধূর মরদেহ
রেখে উধাও স্বামী-শ্বশুর

চরফাশন প্রতিনিধি

ভোজার চরফাশন উপজেলায় জরিণা বেগম (২০) নামে এক গৃহবধূর রহস্যজনক মৃত্যু হয়েছে। স্বামীর পরিবারের দাবি, তিনি বিষপান করে আত্মহত্যা করেছেন। তবে মৃত্যুর পর হাসপাতালেই মরদেহ রেখে স্বামী ও শ্বশুরের পালিয়ে যাওয়ার ঘটনায় ঘটনাটি ঘিরে নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জেলা সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে। বৃহস্পতিবার (২ জুলাই) রাতে উপজেলার দুলাহাট থানার নুরাবাদ

ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডে স্বামী শরীফের বাড়িতে এ ঘটনা ঘটে। নিহত জরিণা বেগম একই এলাকার সিরাজ পটোয়ারীর মেয়ে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার রাতে জরিণা বেগম বিষপান করেছেন বলে ২ এর পাতায় দেখুন

দৈনিক

বীর্ঘনাখাণা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা প্রতিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা প্রতিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রস্রাভ বাংলা জামায়াতিত ও ব্যাকরণবিশ বরিশাল সরকারি ব্রাহ্মমহল কলেজ, বাংলা বিকাশের শিক্ষক বিজ্ঞানী প্রধান একে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক সচীবা শিক্ষক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান প্রেপির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য

বইটি প্রস্রাভকের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক প্রেপির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক, সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পদীক্ষক, সরকারি আশেগাবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব ছানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি দুলাহাট, সদর রোড, বরিশাল 01711-264963	অবুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অবুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ দুলাহাট, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি দুলাহাট, সদর রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি দুলাহাট, সদর রোড, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01717-488083

কবীর্ভনাথানা

আত্মজীবনী গ্রন্থিদিন

বাউফল সড়ক সংস্কার উদ্বোধন ও নদী

এসব কার্যক্রম পরিচালনা করেন। এসময়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “নদী ভাঙন নিয়ে আমরা জাতীয় নির্বাচনের আগেও কাজ করেছি। অন্তর্বর্তীকালীন সরকারের আমলে তৎকালীন সংশ্লিষ্ট উপদেষ্টা সৈয়দা রিজওয়ান হাসানদের সঙ্গে কয়েক দফা বৈঠক করার পরে জিও ব্যাগ ফেলানোর ব্যবস্থা করেছিলাম। ইনশাআল্লাহ, ভবিষ্যতে আরও বিভিন্ন পদক্ষেপ নেওয়া হবে। ইতো মধ্যে আমি বর্তমান পানি সম্পদ মন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি মহোদয়ের সঙ্গে নদী ভাঙন নিয়ে কথা বলেছি। তিনি আমাকে আশস্ত্ব করেছেন, শিগগিরই নদী ভাঙন নিয়ে তিনি বাউফল বাসীর সহায়তায় এগিয়ে আসবেন। এসময় নির্মাদি লক্ষ্মণাটের পুরোনো ও ঝুঁকিপূর্ণ পল্টন নিয়ে স্থানীয়রা এমপির কাছে নতুন পল্টন নির্মাণের দাবি জানান। পরে তিনি নতুন পল্টন করে দেওয়ার আশ্বাস প্রদান করেন। এরপর নির্মাদি লক্ষ্মণাট থেকে প্রধান সড়ক পর্যন্ত সড়ক সংস্কার কাজের শুভ উদ্বোধন করেন। এসময় তিনি বলেন, ‘‘দীর্ঘদিন যাবৎ এই সড়কের কারণে মানুষ ভোগান্তি আছে। আশা করি, সড়কটি সংস্কার হওয়ার পর আর সেই ভোগান্তিতে পড়তে হবে না। জনগণের দুর্তোগ লাঘব করা আমাদের আত্মাধিকার হিসেবে সবসময় থাকবে। উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন শিবিরের সাবেক কেন্দ্রীয় দাওয়া বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট মুজাহিদুল ইসলাম, নাজিরপুর ইউনিয়ন জামায়াতের আমির রাসেল মাহমুদ প্রমুখ ।

মঠবাড়িয়ার ইউসুফ হত্যা মামলার

বরিশাল, ব্যাপ-৭ চট্টগ্রাম এবং রায়চের ফেনী ক্যাম্পের সদস্যরা যৌথভাবে অভিযান চালিয়ে রক্ষীছড়ি উপজেলার পুরোনো উপজেলা ভবনের সামনে থেকে আশাকান্ত শরীফকে গ্রেফতার করেন। তিনি মঠবাড়িয়া উপজেলার ধানিসালা ইউনিয়নের ফুলঝুড়ি গ্রামের বাসিন্দা। মামলার এজারার সূত্রে জানা যায়, গত ২৪ মে পূর্ববিরোধের জেরে ইউসুফ শরীফকে কৌশলে ভেদে নিয়ে থারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করা হয় বলে অভিযোগ রয়েছে। ঘটনার পর অভিযুক্তরা পালিয়ে যান। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পিরোজপুর জেলা সদর হাসপাতালের মর্গে পাঠায়। এ ঘটনায় নিহতের বাবা ফজলুল হক শরীফ বাদী হয়ে মঠবাড়িয়া থানায় হত্যা মামলা করেন। র‍্যাব্বারের ভাষা, ঘটনার পর থেকেই প্রধান আসামিকে গ্রেফতারের গোয়েন্দা নজরদারি ও ছায়া তদন্ত শুরু হয়। আত্মগোপনে থাকা অসহায় তিনি একাধিক স্থানে অবস্থান পরিবর্তন করেন। পরে তথ্যপ্রযুক্তি ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে তার অবস্থান শনাক্ত করে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়। গ্রেফতার আরাফাত শরীফকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য ফেনী সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

১২০ বছরের গৌরবময় ইতিহাস, জাতীয়করণের

প্রতিষ্ঠান গঠিত হয়েছে। দীর্ঘ এই সময়ে বিদ্যালয়টি শুধু পাঠদানের কেন্দ্রিবে, বরং হাজোরো শিক্ষার্থীর স্বপ্ন বাস্তবায়নের পোশাব হিসেবে কাজ করেছে। এখানকার প্রাক্তন শিক্ষার্থীরা আজ চিকিৎসক, প্রকৌশলী, শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তা, নোনা ও পুলিশ কর্মকর্তা, ব্যাংকার, আইনজীবী, সাংবাদিক, ব্যবসায়ী এবং সফল উদ্যোগী হিসেবে দেশ-বিদেশে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করছেন। নারী শিক্ষার প্রসারেও বিদ্যালয়টির অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। একসময় যে অঞ্চলে মেয়েদের বিদ্যালয়ে পাঠানোর প্রবণতা ছিল সীমিত, সেখানে এই প্রতিষ্ঠান শিক্ষার আলো ছড়িয়ে নারী শিক্ষা বিস্তার, বাল্যবিবাহ প্রতিরোধ এবং সামাজিক সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। বর্তমানে বিদ্যালয়ের মোট শিক্ষার্থীর প্রায় ৫৫ শতাংশই ছাত্রী, যা এ প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তিমূলক শিক্ষাব্যবস্থাই প্রতিফলিত। সীমিত অবকাঠামো, শিক্ষক সংকট এবং আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও বিদ্যালয়টির শিক্ষা কার্যক্রম নেবে নেই। বরং শিক্ষার মান ধরে রেখে সাধারণিকভাবে ভালো ফলাফল অর্জন করেছে প্রতিষ্ঠানটি। ২০২৫ সালে এসএসসি পরীক্ষায় বিদ্যালয়টি শতভাগ পাসের গৌরব অর্জন করে এবং ১৮ জন শিক্ষার্থী জিপিএ-৫ লাভ করে, যা প্রতিষ্ঠানের শিক্ষার গুণগত মানের শক্তিশালী প্রমাণ। তবে এই সফলতার বিপরীতে বাস্তব চিত্র খুব একটা সুখকর নয়। বিদ্যালয়ের কয়েকটি ভবন জরাজীর্ণ, পর্যাপ্ত শ্রেণিকক্ষের অভাব রয়েছে। এক্ষেত্রে বিকল্পাণায় ও কম্পিউটার ল্যাব থাকলেও প্রয়োজনীয় সংস্কারের অভাবে সেগুলোর পূর্ণাঙ্গ ব্যবহার সম্ভব হচ্ছে না। দীর্ঘদিন ধরে শিক্ষক সংকট থাকায় অনেক ক্ষেত্রে খণ্ডকালীন শিক্ষকদের দিয়ে পাঠদান চালিয়ে নিতে হচ্ছে। স্থানীয় বাসিন্দা, অভিভাবক, শিক্ষক, প্রাক্তন শিক্ষার্থী ও সুদীর্ঘজন্দের অভিমত, সরকার প্রতিটি উপজেলায় একটি করে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের যে নীতি গ্রহণ করেছে, সেই নীতির অধিকাংশ গুরুত্বপূর্ণ মানদণ্ডই বাধী তাঁরা মাধ্যমিক বিদ্যালয় পূরণ করেছে। এক শতাব্দীরও বেশি সময়ের ঐতিহ্য, ধারাবাহিক শিক্ষাগত সাফল্য, সামাজিক অবদান এবং জনসম্পৃক্ততার পরও জাতীয়করণের বাইরে থাকা এলাকাবাসীদের কাছে অসন্ত হতাশার বিষয়। বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ, শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক এবং প্রাক্তন শিক্ষার্থীরা সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আকান জানিয়েছেন, শিক্ষা বিস্তারে অন্যত্ব অবদান রাখা এই ঐতিহ্যবাহী প্রতিষ্ঠানটিকে দ্রুত জাতীয়করণের আওতার আনা হোক। তাদের মতে, বাধী তাঁরা মাধ্যমিক বিদ্যালয়ের জাতীয়করণ শুধু একটি প্রতিষ্ঠানের উন্নয়ন নয়; বরং পুরো অঞ্চলের শিক্ষা, মানবসম্পদ উন্নয়ন, সামাজিক অগ্রগতি এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য নতুন স্ফাবনার দ্বার উন্মোচন করবে। এক শতাব্দীরও বেশি সময় ধরে যে প্রতিষ্ঠান অসংখ্য আলোকিত মানুষ গড়ে তুলেছে, সেই প্রতিষ্ঠানের দীর্ঘদিনের এই প্রত্যাশা বাস্তবে রূপ নেবে এমন আশাই এখন এলাকাবাসীর।

আমতলীর প্রান কেন্দ্রে হতে

নং-০১ এপ্রি-এ দাগ নং-১১৬, ১১৭ ও ৬০১ জমির পরিমাণ: ৩.০০ একর নির্ধারিত জমির সীমানা চিহ্নিত করলে লাল পতাকা (নিশান) টানানো হয়েছে এবং উপজেলা ক্রিড়া সংস্থার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মাদ আফর আহিফ চৌধুরী মহোদয়ের নির্দেশনায় সাধারণ সম্পাদক মো. আমিনুল ইসলাম সোহেলে তালুকদার এর কাছে ২ একর জায়গা বৃথিয়ে দেয়ার কার্যক্রম সম্পন্ন করা হয়। জমির পরিচান আওয়ামী সীমানা চিহ্নিত করে লাল পতাকা (নিশান) টানানো শেষে ওক্তব্বার ২০২৬ আমতলী উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক মো. আমিনুল ইসলাম সোহেলে তালুকদার এর উপস্থিতিতে মিনি স্টেডিয়ামের নির্ধারণী স্থানে সাইনবোর্ড টানানো হয়। এ সময় উপস্থিত ছিলেন আমতলী পৌর বিএনপির সাবেক আহবায়ক মোঃ কবির উদ্দিন ফকির, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মোঃ জহিরুল ইসলাম, জাতীয়তাবাদী বৃন্দলের আমতলী উপজেলা কমিটির সাবেক যুগ্ম আহবায়ক সেহাদ মোঃ কাওসার, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য বান মোঃ জামাল ও সহনীয় ব্যক্তিবর্গ। করে নাগাদ মিনি স্টেডিয়ামের কাজ শুরু হবে। এ প্রস্নে উপজেলা ক্রিড়া সংস্থার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মাদ জাফর আহিফ চৌধুরীর বলেন প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর খুব শিগগিরই স্টেডিয়ামের নির্মাণকাজ শুরু হবে। তিনি আরও বলেন মাদকমুক্ত সমাজ গঠনে খেলাধুলার বিকল্প নেই।স্টেডিয়ামটি বাস্তবায়িত হলে আমতলীর ক্রীড়াঙ্গনে নতুন গতির সঞ্চার এবং তরুণ প্রজন্মের খেলাধুলার পাশাপাশি ভুরাখিত হবে তাদের প্রতিভা বিকাশ।

রাখাইনে ফের সংঘাত

বৃহস্পতিবার (২ জুলাই) থেকে মধ্যমে টানা দুই দিন মিয়ানমারের সামরিক বাহিনী রাখাইন রাজ্য পুনরুদ্ধারে আরাকান আর্মির অবস্থান লক্ষ্য করে বিমান হামলা চালায়। হামলার তীব্রতায় কক্সবাজারের টেকনাফ সীমান্তের বাঘিঘরসহ বিভিন্ন গ্রাম ভূমিকম্পের মতো কেঁপে ওঠে। তবে ওক্তব্বার (২ জুলাই) মহুড় শহরের ভেতরে সযর্ধের ঘটনা ঘটলেও এপারে তেমন কোনো বিকট শব্দ শোনা যায়নি। উখিয়া ও টেকনাফে বসবাসরত রোহিঙ্গা ক্যাম্পের কয়েকজন বাসিন্দার সঙ্গে কথা বলে জানা গেছে, মিয়ানমারের সামরিক বাহিনীর বিমান হামলায় বেশকিছু বন্দ্যাবাদকারী রোহিঙ্গারও ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আরাকান আর্মি ও মিয়ানমার সামরিক বাহিনীর সহযোগের কারণে রোহিঙ্গাদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। তারা সেখানে নিরাপদ বোধ না করলে এপারে নতুন করে অশান্তির কারণের শঙ্কা রয়েছে। এর আগেও সংঘাতের কারণে লক্ষাবিধ রোহিঙ্গা দেশে অনুপ্রবেশ করেছিল। আলীখালী ক্যাম্পের শরণার্থীরা আতঙ্কিত আলী বলেন, ‘বুধবার ও বৃহস্পতিবার মহুড় শহরে আরাকান আর্মির দখলে থাকা শহর ও গ্রাম পুনরুদ্ধারে মিয়ানমারের সামরিক বাহিনী বিমান হামলা চালিয়েছে। সামনেও এ সংঘাত আরও তীব্র হতে পারে। এতে আমাদের পাশাপাশি রোহিঙ্গা মুসলিমরাও ক্ষতিগ্রস্ত হচ্ছেন।’ আরেক রোহিঙ্গা ইদ্রিস মিয়া বলেন, ‘মহুড়তে থাকা এক আত্মীয়ের সঙ্গে যোগাযোগ করে জেনেছি, সেখানকার পরিস্থিতি এখন খুবই উত্তেজিত। সহজে ক্ষেত্র ঘর থেকে ঘরে হতে পারবে না। অনেক রোহিঙ্গা নিরাপদ আশ্রয়ের খোঁজে ছুটছেন।’ তিনি আরও

বলেন, ‘এক বছর আগে সংঘাতের সময় ধাপে ধাপে উখিয়া ও টেকনাফ রোহিঙ্গা ক্যাম্পে লক্ষাবিধ রোহিঙ্গা অনুপ্রবেশ করেছিলেন। আমরা চাই, মিয়ানমারের রাখাইনে থাকা রোহিঙ্গা ভাইয়েরা যেন নিরাপদে থাকতে পারেন।’ শাহপরীর ধীপের বাসিন্দা শাহ আলম বলেন, ‘শাহপরীর ধীপ সীমান্তের খুব কাছেই মিয়ানমারের রাখাইন সীমান্ত। বলা যায়, এখান থেকে আরাকান আর্মির পোস্টও দেখা যায়। বুধবার শাহপরীর ধীপের ওপারে রাখাইনে বিক্ষোভের তীব্রতায় বাড়িঘর ভূমিকম্পের মতো কেঁপে উঠেছিল।’ হোয়াইকাং সীমান্তের বাসিন্দা আব্দুল গফুর বলেন, ‘মিয়ানমারের রাখাইনে সংঘাত শুরু হলেই ভয় ও আতঙ্ক ছড়িয়ে পড়ে। সীমান্তের কাছে বসবাস করার কারণে যেকোনো সংঘর্ষের প্রভাব সরাসরি আমাদের ওপর পড়ে।’ তিনি আরও বলেন, ‘প্রায় এক বছর আগে সংঘাতের সময় ওপার থেকে ছোড়া গুলি এসে আমাদের ঘরসহ আশপাশের একাধিক বাড়িতে আঘাত হেনেছিল। তখন পরিবার-পরিজন নিয়ে চরম আতঙ্কের মধ্যে দিন কাটাতে হয়েছিল। তাই এখন আবার সংঘাতের খবর শুনলেই পুরোনো সেই ভয়াবহ স্মৃতি মনে পড়ে যায়।’ টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এস. এম. অনীক চৌধুরী বলেন, ‘সীমান্ত পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণে রাখা হয়েছে।’ টেকনাফ ব্যাটালিয়নের (২ বিজিব) অভিযানক লেফটেন্যান্ট কর্নেল মো. হানিফুর রহমান ভূঁইয়া বলেন, ‘সীমান্তের ওপারে বিক্ষোভের ঘটনায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ সৃষ্টি হলেও দেশের সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।’ তিনি আরও বলেন, ‘যেকোনো পরিস্থিতি মোকাবিলায় বিজিব সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। এ লক্ষ্যে টেকনাফ পৌরসভার নাইটংপাড়া, বইতলী ও জাদিমোড়া সীমান্ত এলাকায় বিশেষ টহল, নাফ নদীতে নৌ টহল এবং পুরো সীমান্তজুড়ে নজরদারি বাতানো হয়েছে।’

গণহত্যা-ধর্ষণ আর দখলদারিত্বে

দিনে গণহত্যা, ধর্ষণ, মৃত্যুসজা আর ধ্বংসের এক ভয়াবহ সাক্ষী হয়েছে বিশ্ব। এসব নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করেছে গাজার স্থানীয় সরকার। এতে দাবি করছে, উপত্যকার ৮০ শতাংশের বেশি এলাকা এখন ইসরায়েলের নিয়ন্ত্রণে। এইই সঙ্গে তারা জানিয়েছে, যুদ্ধ কালকালে গাজার ২ লাখ ২৩ হাজার টনরে বেশি বিক্ষোভক নিরপেক্ষ করেছে দখলদার ইসরায়েল। প্রকাশিত গাজা সরকারের মিডিয়া অফিসের বিবৃতিতে বলা হয়, ইসরায়েলি হামলায় এখন পর্যন্ত ৭৩ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে। অহতদের মধ্যে ২১ হাজার ৫০০ জনের বেশি শিশু এবং ১২ হাজার ৫০০ জনের বেশি নারী রয়েছেন। এছাড়া ৮৮ হাজার ৮০০-এর বেশি শিশু এতিম হয়েছে। আরও ৯ হাজার ৫০০ জন এখনো নিরাপত্তা বলে দাবি করা হয়েছে। এর পাশাপাশি ইসরায়েলি কারাগারে যৌন হেনস্থা ও ধর্ষণের অভিযোগও রয়েছে। দা নিউইয়র্ক টাইমস পত্রিকায় পুলিশজার বিজরী কলামিস্ট নিকোলাস ক্রিস্টফ প্রকাশিত একটি দীর্ঘ অনুসন্ধানী প্রতিবেদনে যৌন নির্যাতনের শিকার ১৪ জন ফিলিস্তিনি নারী-পুরুষের সাক্ষ্য তুলে ধরা হয়েছে। ইসরায়েলি কারাগারে ‘স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর’-এর অংশে পরিণত হয়েছে। গাজা সরকারের বিবৃতিতে বলা হয়, আহতের সংখ্যা ১ লাখ ৭৩ হাজার ১১৪ জন দাঁড়িয়েছে। তাদের মধ্যে ৪৩৩ জন সাহেলীয় রয়ছেন। এছাড়া ৫ হাজার ৪০০ জনের বেশি মানুষের অঙ্গহানি ঘটেছে। শারীরিক ও ক্ষতির শিকার হওয়ারের ১৮ শতাংশই শিশু। গাজা সরকারের তথ্যমতে, যুদ্ধের কারণে ১ হাজার ৫০০ জন পক্ষাঘাত আক্রান্ত হয়েছেন এবং ১ হাজার ২০০ জন দৃষ্টিশক্তি হারিয়েছেন। সড়কমক রোগে আক্রান্তের সংখ্যা ২১ লাখ ৪০ হাজার ছাড়িয়েছে। এদের মধ্যে ৭১ হাজার ৩৩৮ জন ভরসা হেপাটাইটিসে আক্রান্ত বলে দাবি করা হয়েছে। বিবৃতিতে আরও বলা হয়, ইসরায়েল ১ হাজার ৪৭টি মর্সজি সম্পূর্ণ ধ্বংস করেছে এবং আরও ২১০টি মর্সজি অক্ষয়ক ক্ষতিগ্রস্ত করেছে। এছাড়া তিনটি গিলায় হামলা চালানো হয়েছে এবং ৫১২ জন ইমাম, খতিব, কোরান শিক্ষক ও অন্যান্য ধর্মীয় ব্যক্তিত্ব নিহত হয়েছেন বলে দাবি করা হয়। গাজা সরকারের হিমাব অনুযায়ী, ৩৮টি হাসপাতাল, ৯৬টি স্বাস্থ্যকেন্দ্র, ১৯৭টি ব্যাথুসেল, ৮৪টি জরুরি সেবা যান এবং ১৬টি সিভিল ডিফেন্স কেন্দ্র ধ্বংস করা হয়েছে অথবা অচল হয়ে পড়েছে। যুদ্ধের ফলে সরাসরি আর্থিক ক্ষতির প্রাথমিক হিসাব প্রায় ৮০ বিলিয়ন মার্কিন ডলার, যা গত সপ্তাহে ধারণ করা হয়েছে। বিবৃতিতে আরও দাবি করা হয়, ইসরায়েল ২০ লাখ ৫৫ হাজার বর্জন ও খাদ্যবিক্রি হারিয়েছে। সম্পূর্ণ ধ্বংস করেছে এবং আরও ৭ লাখ ৩৭ হাজার বর্জন ক্ষতিগ্রস্ত করেছে। যুদ্ধরাত্রির সমর্যর্গনে ২০২৩ সালের ৮ অক্টোবর এই সামরিক অভিযান শুরু করে ইসরায়েল। ২০২৫ সালের ১০ অক্টোবর যুদ্ধবিরতি কার্যকর হওয়ার মাধ্যমে আত্মাটুকিরের তা শেষ হয়। তবে, এরপরেও ৩৫০০ বারের বেশি যুদ্ধবিরতি লঙ্ঘন করেছে ইসরায়েল। এখনো প্রতিদিন বোমাবর্ষণ, অবরোধ আরও কঠোর করা এবং পর্যাপ্ত মানবিক, খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রবেশে বাধা দিয়ে ইসরায়েল যুদ্ধবিরতি লঙ্ঘন করে চলেছে।

মুরগির দাম বেড়েছে

ব্যবধানে প্রতি কেজি ঝুরলার ও সোনালি মুরগির দাম ১০ থেকে ২০ টাকা পর্যন্ত বেড়েছে। এখন প্রতি কেজি ঝুরলার মুরগি বিক্রি হচ্ছে ১৭০ থেকে ১৯০ টাকায, যা গত সপ্তাহে ছিল ১৬০ থেকে ১৭০ টাকা। এছাড়া সোনালি মুরগি প্রতি কেজি বিক্রি হচ্ছে ৩২০ থেকে ৩৪০ টাকা। বিকেতওয়া বদলনে, পাইকারি বাজারে সরবরাহ কম থাকায় দাম কিছুটা বেড়েছে। বাজারের দ্রুপ্তি বিবেচনায়, মো. রাসেল বলেন, পাইকারি আড়তগুলোতেই মুরগির দাম বাড়িয়ে। গরুর গরমের কারণে অনেক খামারে মুরগি মারা গেছে, যার প্রভাব পড়েছে সরবরাহে। আড়তে দাম কমলে আবারও কম দামে বিক্রি করতে পারব। দুই থেকে তিন সপ্তাহ আগে বাজারে মিনিকেন্দ্র, গাজিরশাল ও বিহার-৮৮ জাতের চালের দাম দেরিজেতে ২ থেকে ৪ টাকা পর্যন্ত বেড়েছিল। নতুন করে দাম না বাড়লেও সেই বাড়তি দাম চালা কিমতে হচ্ছে ক্রেতাদের। বাজারে মিনিকোট চাল প্রতি কেজি বিক্রি হচ্ছে ৬৮ থেকে ৭২ টাকা। গাজিরশালই কিনতে হচ্ছে মানডেনে ৭৫ থেকে ৮৫ টাকা কেজি। এছাড়া বিহার-২৮ বা মাঝারি চাল বিক্রি হচ্ছে ৫৮ থেকে ৬২ টাকা। খুরা চাল ব্যবসায়ীরা জানান, মিলি পর্যায় থেকে চালের সরবরাহ স্বাভাবিক থাকলেও দাম কমানোর কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। ফলে খুরা বাজারেও এ প্রভাব ধরে গেছে। মুরগি ও চালের বাজারে কিছুটা অস্থিি থাকলেও খন্ডি দিচ্ছে সবধির বাজার। বাজারে শীতকালীন ও গ্রীষ্মকালীন সবধির পর্যন্ত সরবরাহ থাকাদা দাম সাধারণ মানুষের ত্রাণক্ষমতার মধ্যেই রয়েছে। অধিকাংশ সবধি প্রতি কেজি ৪০ থেকে ৬০ টাকার মধ্যে কেনা যাচ্ছে। কেনাকাটা করতে আসা বেসরকারি চাকরিজীবী আনুসর রহমান বলেন, সবধির দামটা এখন কিছুটা নাগালের মধ্যে আছে, এটা ভাবেনা দিক। কিন্তু চালের দাম একবার বাড়লে আর কবে না। আর মুরগির দামও আবার বাড়তে শুরু করেছে। তিনি বলেন, বাজারে নিয়মিত তদারকি না থাকলে সাধারণ মানুষের টিকে থাকা কঠিন হয়ে যায়। এদিকে, বাজারে তেল চিনি ডালের মতো অন্যান্য মুদিপণ্যের দামেও তেমন হেরফের লক্ষ্য করা যায়নি।

ভাণ্ডারিয়ায় তক্ষকসহ যুবক

চোরালালান সিভিকটের অন্যতম প্রধান নিয়ন্ত্রক হিসেবে কাজ করে আসছিল। পুলিশ সূত্রে জানা গেছে, দুমনের বাড়িতে তক্ষক বোতাকেনার গোপন সবাদ পেয়ে ভাণ্ডারিয়া থানা পুলিশের একটি দল গুত্রবার দুপুরে তার বসতবাড়িতে আকস্মিক অভিযান চালায়। অভিযানকালে তার ঘর থেকে তক্ষকটি উদ্ধার করা হয়। বিক্রির উপার্জনে বনাশ্রাণীটি অধঃধনে শির জেফাজতে রাখায় তাকে আটক করা হয়। উদ্ধারের পর তক্ষকটি বনাশ্রাণীটির সুবুসায় সেটিকে নিরাপদ আশ্রয়ে কিরিয়ে দেওয়ার উদ্যোগ নেয় প্রশাসন। পরবর্তীতে স্থানীয় বন বিভাগের কর্মকর্তাদের উপস্থিতিতে তক্ষকটিকে সুন্দর ও প্রাকৃতিক পরিবেশে (বনে) অমুমুক্ত অবস্থানে ভাণ্ডারিয়া থানাে এসি। এ বিষয়ে ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওপি) দেওয়ান জগলুল হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে সাবাদিনকদের জানান, বনাশ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইনে আটককৃত সুমদের বিরুদ্ধে যথার্থয়ে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

সুইজ গেটে পড়ে

উদ্ধার করে থানায় রাখা হয়েছে। পরিষদ শরৎকবে চেষ্টা চলছে। মৃত্যুর প্রকৃত কারণ নির্ণয়ে আইনগত প্রক্রিয়া শেষে ময়নাতদন্তের জন্য

মরদেহ পাঠানো হবে।

অ. লীগ কর্মীকে পুলিশের কাছ

প্রত্যন্তঅঞ্চল নাজিরপুর ইউনিয়নের রামারপুল বাজার এলাকায় এ ঘটনা ঘটে। জানা গেছে, আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটার ঘটনায় দায়ের করা একটি মামলার এজাহারভুক্ত ৫ নম্বর আসামি রাসেদুল ইসলাম সেতু ভূঁইয়াকে গ্রেফতার করে পুলিশ। তাকে নিয়ে যাওয়ার সময় স্থানীয় কিছু লোক পুলিশকে ঘিরে ধরে। একপর্যায়ে তারা হাড্ডাকাপসহ সেতু ভূঁইয়াকে ছিনিয়ে নিয়ে যায়। এ সময় পুলিশের ব্যবহৃত হাড্ডাকাপটিও তাদের কাছে থেকে যায়। স্থানীয় সূত্র জানায়, হাড্ডাকাপটি ফেরত পেতে পুলিশ রাত পর্যন্ত স্থানীয় বাসিন্দাদের সঙ্গে আলোচনা চালায়। পরে সমঝোতার ভিত্তিতে পুলিশের দেওয়া চাবি ব্যবহার করে হাড্ডাকাপ খুলে গভীর রাতে সেটি পুলিশের কাছে ফেরত দেওয়া হয়। মুলদারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওপি) মো. খন্দকার সোলেহ রানা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আসামি ছিনিয়ে নেওয়ার ঘটনায় এসআই মনির হোসেন বাদী হয়ে সরকারি কাজ বাধা ও আসামি ছিনিয়ে নেওয়ার অভিযোগে মামলা করেছেন। ছিনিয়ে নেওয়া আসামিসহ ঘটনায় জড়িতদের গ্রেতারে অভিযান অব্যাহত রয়েছে। তিনি আরও জানান, ঘটনার পরপরই পুলিশ হাড্ডাকাপ ফেরত পেয়েছে।

জুলাই-আগস্টে দেশে

ও মেঘনা নদী অববাহিকায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার আশঙ্কা রয়েছে। ঐতিহাসিকভাবে বর্ষা মৌসুমের এই মধাবর্তী সময়েই দেশে সবচেয়ে ভয়াবহ বন্যাওলো ঘটেছে। ১৯৮৮ সালের ভয়াবহ বন্যায় আগস্ট-সেপ্টেম্বরে অতিবৃষ্টির ফলে দেশের প্রায় ৮-২ হাজার বর্গকিলোমিটার এলাকা, অর্থাৎ প্রায় ৬০ শতাংশ ভূখণ্ড প্রারিত হয়েছিল। একেইভারে ১৯৮৮ সালের ঐতিহাসিক বন্যা জুলাই ও আগস্টজুড়ে দুই মাসেরও বেশি সময় স্থায়ী হয়। ওই বন্যায় এক হাজারের বেশি মানুষের মৃত্যু হয় এবং প্রায় ৩ কোটি (৩০ মিলিয়ন) মানুষ সরাসরিকভাবে ব্যাঘ্রভ্রাত বা পানিবন্দি হয়ে পড়ে। বিশেষজ্ঞরা মনে করেন, ব্রহ্মপুত্র ও মেঘনা এই দুই বৃহৎ নদী অববাহিকায় একই সময়ে পানির উচ্চপ্রবাহ দেখা দেওয়াই সবচেয়ে বড় ঝুঁকি। ২০০৪ সালে জুলাইয়ের শেষ দিকে ব্রহ্মপুত্র ও মেঘনা নদীর পানির সর্বোচ্চ প্রবাহ একসঙ্গে মিলিত হওয়ায় ভয়াবহ বন্যা দেখা দেয় এবং শুধু উত্তর-পূর্বাঞ্চলেই প্রায় ৩০ হাজার বর্গকিলোমিটার এলাকা প্রারিত হয়। এ ছাড়া ২০২২ সালের মেঘনা অববাহিকায় বন্যা এবং ২০২৪ সালের ভয়াবহ বন্যায় সম্ভিধিতভাবে ১ কোটি ৩০ লাখের বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হন, যা উজানের অতিবৃষ্টির ক্রমবর্ধমান ঝুঁকির বিষয়টি আরও স্পষ্ট করে। সারাদার উন্নয় রায়াহান বলেন, বর্তমানে এফএফডব্লিউসি দেশের অভ্যন্তরীণ নদী অববাহিকার জন্য ১০ থেকে ১৫ দিন আগেই বনার পূর্বাভাস দিতে সক্ষম। তবে উপকূলীয় নদীগুলোর ক্ষেত্রে তিনদিন আগে পূর্বাভাস দেওয়া যায়। দেশের নদ-নদীর বর্তমান পরিস্থিতি সম্পর্কে তিনি বলেন, বর্তমানে ব্রহ্মপুত্র নদ অববাহিকার নিম্নাঞ্চল প্রারিত হচ্ছে। তবে আগামী পাঁচ থেকে ছয় দিনের মধ্যে পরিস্থিতি স্থিতিশীল হতে পারে। তিনি বলেন, অববাহিকা ও উজানে ভারী বৃষ্টিপাত না হওয়ায় আগামী কয়েক দিন মেঘনা নদী অববাহিকার পরিস্থিতি স্থিতিশীল থাকবে। এফএফডব্লিউসিএ এই নির্বাহী প্রকৌশলী বলেন, চলতি মাসে বঙ্গোপসাগরে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার ফলে দেশের উপকূলীয় অঞ্চলের নিম্নাঞ্চলে আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার আশঙ্কা রয়েছে। বৃহস্পতিবার এফএফডব্লিউসি প্রকাশিত বন্যা পূর্বাভাসে বলা হয়েছে, গত ২৪ ঘটায় ব্রহ্মপুত্র-বদনা নদ-নদী ব্যবস্থার পানির স্তর কমেছে। তবে আগামী চার দিনে পানির স্তর বৃদ্ধি পেতে পারে এবং পঞ্চম দিনে তা স্থিতিশীল থাকতে পারে। পূর্বাভাসে বলা হয়, আগামী ৪ থেকে ৭ জুলাই (দ্বিতীয় থেকে পঞ্চম দিন) পর্যন্ত কড়িামা, গাইবান্ধা, জামালপুর ও বগুড়া জেলায় ব্রহ্মপুত্র-মুমনা নদীর পানি সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। এতে সংলগ্ন নিম্নাঞ্চলের কিছু এলাকা প্রারিত হওয়ার আশঙ্কা রয়েছে। এতে আরও বলা হয়, আগামী পাঁচ দিনে গঙ্গা-পদ্মা নদীর পানির স্তর বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। তবে তা বিপদসীমার নিচেই প্রবাহিত হবে। আগামী ৭২ ঘটায় সুরমা-কুশিয়ারা (উচ্চ মেঘনা) নদ-নদীর পানি সেলটে ও সুনামগঞ্জ জেলায় সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। ফলে সংলগ্ন নিম্নাঞ্চলের কিছু এলাকা প্রারিত থাকতে পারে। বর্তমানে নীলফামারীর ডালিয়া ও লালমনিরহাটে তিস্তা নদীর তারাপুর পরেন্ট, সিলেটের ক্ষেপুগঞ্জ ও সুনামগঞ্জের মারকুলিতে কুশিয়ারা নদী এবং নত্রেকানার কলমাকান্দায় সোমেশ্বরী নদীর পানি নিজ নিজ সতর্কসীমায় প্রবাহিত হচ্ছে।

পিরোজপুরে বিদেশি পিস্তল

হয়। পরে তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে পুলিশ সদর উপজেলার টোনা ইউনিয়নের তেঁতুলতলা এলাকায় অভিযান চালায়। ও সময় আলী হোসেন নামে এক ব্যক্তির বাড়িতে তল্লাশি চালিয়ে একটি বিদেশি পিস্তল ও ৪৩ রাউন্ড গুলি উদ্ধার করা হয়। পুলিশ সুপার আরো জানান, ক্ষেফতারদের বিরুদ্ধে অত্র আইনে মামলা করা হয়েছে। আসামিদের আদালতেও মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

বিভাগীয় সমাবেশ সফল করতে

আমীর মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার। বিশেষ অতিথি ছিলেন জেলা জামায়াতের কর্মপর্যায় সদস্য হাফেজ মাওলানা কামরুল ইসলাম খান ও শ্রমিক কমিটিয়া ফেডারেশনের বরিশাল জেলা সাধারণ সম্পাদক অধ্যাপক মোঃ সাইফুল ইসলাম। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি রুহুল আমিন সজ্জ ও গোঁদানী পৌর আমীর মোঃ হাফিজুর রহমান প্রমুখ। এছাড়াও উপজেলা, পৌরসভা ও বিভিন্ন ইউনিয়ন দায়িত্বশীল এবং উপজেলার সদস্য (সকেন) বৃন্দ উপস্থিত ছিলেন। বক্তৃচেনে প্রধান অতিথি আগামী ১৮ জুলাই বরিশাল সমাবেশ সফলভাবে বাস্তবায়ন করতে সর্বাত্মক প্রগতি গ্রহণের নির্দেশনা দান করেন।

ঢাকায় চুরি হওয়া পর্যটন

বিশেষ অভিযান পরিচালনা করে কোস্ট গার্ড। অভিযান চলাকালে সেটটিকে খামার সংকেত দেওয়া হলে তা অমান্য করে দ্রুত পালালে স্টো করে। পরে কোস্ট গার্ডের অভিযানিক দল ধাওয়া করে লেবুখালী ক্যান্টনমেন্টে সংলগ্ন এলাকা থেকে পর্যটন বোটটি উদ্ধার করতে সক্ষম হয়। তবে অভিযানের সময় বোটে থাকা দুর্ভুক্তকারীরা পালিয়ে যাওয়ায় মাউকে আটক করা সম্ভব হয়নি। উদ্ধার হওয়া পর্যটন বোটটি মালিকপক্ষের কাছে হস্তান্তরের প্রক্রিয়া চলমান বলে জানিয়েছে কোস্ট গার্ড।

বৈরী আবহাওয়ায় সুন্দরবনে

উপকূলের দিকে ছুটে আসে। অনেক ট্রলার সুন্দরবনের দুবলার চরের ভেদাখালী খাল, মেহেরআলী, আলোরকোলসহ বনের বিভিন্ন নিরাপদ খালে নোঙর করেছে। সুন্দরবনের ভেদাখালী খালে আশ্রয় নেওয়া বাগেরহাটের বগা এলাকার একটি ফিশিং ট্রলারের মাফি নজরুল ইসলাম গুত্রবার দুপুরে মোবাইল ফোনে জানান, গত দুই দিন ধরে সাগরে প্রচণ্ড মড়ো হাওয়া ও ভয়াবহ ঢেউয়ের কারণে ট্রলার নিয়ন্ত্রণে রাখা প্রায় অসম্ভব হয়ে পড়েছিল। জীবন ও সম্পদ রক্ষার স্বার্থে তারা দ্রুত সুন্দরবনের নিরাপদ খালে আশ্রয় নিয়েছেন। আবহাওয়া অনুকূলে না আসা পর্যন্ত সাগরে ফিরে যাওয়ার কোনো সুযোগ নেই। তিনি জানানো উপজেলা ফিশিং ট্রলার মাফিক সমিতির সভাপতি আবুল হোসেন বলেন, বঙ্গোপসাগর এখন অত্যন্ত উত্তাল ও ঝুঁকিপূর্ণ। সাগরের ভয়াবহ পরিস্থিতির কারণে কয়েকশ ফিশিং ট্রলার মোড়লগঞ্জ, শরণখোলার রায়েশা, মহিপুর, খেপুপাড়া, নিন্তাসাখিনা, পাথরখালী ও সুন্দরবনের বিভিন্ন নিরাপদ এলাকায় আশ্রয় নিয়েছে। তিনি বলেন, দীর্ঘ ৫৮ দিনের নিষেধাজ্ঞা শেষে প্রয়োজনীয় দানদ ও ঋণের ঢাকায় জ্বালানি, বরফ, খাদ্যসামগ্রী ও জেলেরা সতর্কতা নিয়ে ট্রলার চালিয়ে কয়েকশ ফিশিং ট্রলার মোড়লগঞ্জ, শরণখোলায় পাঠায়। সুখরক্ষণ সংগ্রহ করে মাছ ধরতে সাগরে ফিরেছিলেন। কিন্তু যাত্রার শুরুতেই দুর্ঘট্যের কবলে পড়ে তাদের ফিরে আসতে হওয়ায় নতুন করে একটি সংকটের আশঙ্কা তৈরি হয়েছে। শরণখোলার রায়েশা মৎস্যঘাটের আড়তদার কবির

হোসেন জানান, বৈরী আবহাওয়ার কারণে অনেক ট্রলার সাগরে যেতে পারেনি। গত দুই দিন ধরে তারা রায়েশা মৎস্যঘাটেই নিরাপদে নোঙর করে রয়েছে। ফলে পুরো ঘাটজুড়ে ট্রলারেরে দীর্ঘ সারি ও জটলার সৃষ্টি হয়েছে। একই চিত্র দেখা যাচ্ছে বরগুনা উপকূলেও। বরগুনা জেলা ফিশিং ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী জানান, সাগরে মাছ ধরতে যাওয়া জেলেরা বৈরী আবহাওয়ার কবলে পড়ে বিপাকে পড়েছেন। উত্তাল সাগরে টিকতে না পেরে অধিকাংশ ট্রলার উপকূলের দিকে ফিরে এসেছে এবং যে যেখানে নিরাপদ স্থান পেয়েছে, সেখানেই অবস্থান নিয়েছে। আবহাওয়া স্বাভাবিক না হওয়া পর্যন্ত কোনো ট্রলারই পুনরায় গভীর সাগরে যেতে পারবে না। উপকূলীয় মৎস্যসংশ্লিষ্টদের মতে, নিষেধাজ্ঞা শেষে এ সময়টিকে ঘিরেই জেলেনদের সবচেয়ে বেশি প্রত্যাশা থাকে। কিন্তু মৌসুমের শুরুতেই বৈরী আবহাওয়া তাদের সেই স্বপ্নে বড় ধাক্কা দিয়েছে। এতে একদিকে যেমন মাছ আহরণ বন্ধ হয়ে গেছে, অন্যদিকে দানদ ও ঋণের চাপ নিয়ে নতুন করে অনিশ্চয়তায় পড়েছেন হাজারো জেলে পরিবার। আবহাওয়া দ্রুত স্বাভাবিক না হলে উপকূলের মৎস্য অর্থনীতিতেও এর নেতিবাচক প্রভাব পড়ার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা।

জুনে অতিরিক্ত বিদ্যুৎ

সামাজিক যোগাযোগমাধ্যমে অভিযোগ উঠে এসেছে। এ বিষয়ে বিতরণী কোম্পানিগুলোর প্রধানদের মতামত ও ব্যাখ্যা জানতে চাওয়া হয়। বিদ্যুৎ সচিব জেলা প্রশাসকদের কাছে এ ধরনের অভিযোগের বিষয়ে জানতে চাইলে তারা উল্লেখযোগ্য কোনো অভিযোগ পাননি বলে জানান। তবে গ্রাহকদের অভিযোগ দ্রুত নিষ্পত্তির জন্য বিতরণ সংস্থগুলোকে প্রয়োজনীয় দ্রুত দেওয়া হয়েছে বলে সভায় জানান সচিব। তিনি বলেন, বিল প্রণয়নে কোনো করণিক বা কারিগরি ভুল হয়ে থাকলে তা দ্রুত সংশোধন করতে হবে। পাশাপাশি কোনো কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে অসুদৃশ্য অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে তাদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা নেওয়া হবে। অতিরিক্ত বিদ্যুৎ বিল সংক্রান্ত অভিযোগের দ্রুত নিষ্পত্তির জন্য গ্রাহকদের সংশ্লিষ্ট বিতরণ সংস্থার সঙ্গে সরাসরি বা হটলাইনের মাধ্যমে যোগাযোগ করার আহ্বান জানিয়েছে বিদ্যুৎ বিভাগ। বিদ্যুৎ বিভাগের কেন্দ্রীয় সেবা হটলাইন ১৬৯৯৯ ছাড়াও বিপিভিবি (১৬২০০), পল্লী বিদ্যুৎ (১৬৮৯৯), বিপিভিসি (১৬১১৬), ডেসকো (১৬১২০), নেসকো (১৬৬০৩) এবং ওজেপাড়িকো (১৬১১৭) নম্বরে অভিযোগ জানানো যাবে।

নিয়মিতদের হাতে অনিয়মিত প্রশ্ন

পরীক্ষা দেন। পরীক্ষা চলাকালে কেন্দ্র সচিব, কক্ষ পরিদর্শক কিংবা পরীক্ষার্থীদের কারও নজরে বিষয়টি আনেনি। পরীক্ষা শেষে প্রশ্নপত্র মিলিয়ে দেখার সময় গরিমলটি ধরা পড়ে। এ ঘটনায় নলছিটি সিনিয়র ফাজিল মাদ্রাসার পরীক্ষার্থীরা বিকেলে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে গিয়ে অভিযোগ করেন। অভিযোগ পাওয়ার পর উপজেলা প্রশাসন তাৎক্ষণিক তদন্ত করে কেন্দ্র সচিব মোহাম্মদ হোসাইনকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়। তার স্থলে একই প্রতিষ্ঠানের বাংলা বিভাগের অধ্যাপক গাজী ফোরকান আহমদকে কেন্দ্র সচিবের দায়িত্ব দেওয়া হয়েছে। একইসঙ্গে কক্ষ পরিদর্শক নূরে শেখা আলি মো, শহিদুল ইসলাম, মো. মাহমুদ হাসান ও শাহ আলাম তালুকদারকে কারণ দপ্তরানোর নোটটি দিয়ে পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) রিজভী আহমেদ সবু

গণহত্যা-ধর্ষণ আর দখলদারিত্বে গাজা এখন ‘উন্মুক্ত কারাগার’

কীর্তনখোলা ডেস্ক
দুই লাখ ২৩ হাজার টন বিফোরক নিক্ষেপ। নিহত ৭৩ হাজার, এতিম ৫৯ হাজার, নিখোঁজ ৯৫০০, হাজারে বেশি অঙ্গ। গাজার যুদ্ধ শুরু হাজারতম দিন পাড় হয়েছে। উপত্যকার ৩৬৫ বর্গকিলোমিটার এলাকা যেন একটি ‘উন্মুক্ত কারাগার’। এমন ৩ এর পাতায় দেখুন



বৈরী আবহাওয়ায় সুন্দরবনে আশ্রয় শতশত মাছ ধরা ট্রলার

বরগুনা প্রতিনিধি
বিশ্ব ঐতিহ্য সুন্দরবন ৫৮ দিনের সরকারি মাছ ধরার নিষেধাজ্ঞা শেষে ইলিশসহ হুগং সৃষ্টি হওয়া বৈরী আবহাওয়া, প্রবল পূবালী বাতাস ও বিশাল ডেউয়ের মুখে চিকিত না পেরে শত শত বিশিষ্ট ট্রলার ও মাছ ধরার নৌকা নিরাপদ আশ্রয়ের সন্ধানে সুন্দরবনের বিভিন্ন নদী-খাল এবং উপকূলীয়

মৎস্যঘাটে ভিড় করেছে। দীর্ঘ ৫৮ দিনের সরকারি মাছ ধরার নিষেধাজ্ঞা শেষে ইলিশসহ হুগং সৃষ্টি হওয়া বৈরী আবহাওয়া, প্রবল পূবালী বাতাস ও বিশাল ডেউয়ের মুখে চিকিত না পেরে শত শত বিশিষ্ট ট্রলার ও মাছ ধরার নৌকা নিরাপদ আশ্রয়ের সন্ধানে সুন্দরবনের বিভিন্ন নদী-খাল এবং উপকূলীয়

এলাকা ঘুরে এবং সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা গেছে, গত দুই দিন ধরে বঙ্গোপসাগরে তীব্র বৈরী আবহাওয়া বিরাজ করছে। প্রবল বাতাসে উত্তাল হয়ে উঠেছে সাগর। বিশাল বিশাল ডেউয়ের আঘাতে গভীর সাগরে অবস্থান করা ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় শত শত ট্রলার নিরাপদ আশ্রয়ের জন্য ৩ এর পাতায় দেখুন

ঢাকায় চুরি হওয়া পর্যটন বোট পটুয়াখালী থেকে উদ্ধার

পটুয়াখালী প্রতিনিধি
ঢাকার দিয়াবাড়ি ল্যান্ডিং স্টেশন থেকে চুরি হওয়া ‘তুরাগ কিং’ নামের একটি পর্যটন বোট পটুয়াখালী থেকে উদ্ধার করেছে কোস্ট গার্ড। তবে বোটে থাকা দ্রুতকারীরা পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি। কোস্ট গার্ড সূত্রে জানা গেছে, রোববার (২৮ জুন) সকালে ঢাকার দিয়াবাড়ি ল্যান্ডিং স্টেশন থেকে ‘তুরাগ কিং’ নামের পর্যটন বোটটি চুরি হয়। এ ঘটনায় বোটের মালিক গানতুলী নৌ-পুলিশ ফাঁড়িতে অভিযোগ করেন। পরে তিনি জানতে পারেন, সন্দেহভাজন ব্যক্তি পটুয়াখালীতে অবস্থান করছেন। এরপর মালিকপক্ষ কোস্ট গার্ডের সহায়তা চাইলে উদ্ধার অভিযানের উদ্যোগ নেওয়া হয়। বুধবার (১ জুলাই) বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত পটুয়াখালী সদর উপজেলার লাউকারি নদীতে ৩ এর পাতায় দেখুন



পিরোজপুরে বিদেশি পিস্তল ও ৪৩ রাউন্ড গুলিসহ গ্রেফতার ৩

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর সদর উপজেলায় একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগাজিন ও ৪৩ রাউন্ড গুলি উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হয়েছে। শুক্রবার (৩ জুলাই) ভোরে সদর উপজেলার কদমতলা বাজার এলাকা ও তেঁতুলতলা এলাকায় এ অভিযান চালানো হয়। পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী এ তথ্য জানান। গ্রেফতার হওয়া ব্যক্তিরা হলেন কদমতলা এলাকার মো. হাসান ওরফে মেহেদী হাসান (২৭), মো. আল-আমিন শেখ (২৬) ও তেজদাস কাটি এলাকার আলী হোসেন (৪০)। পুলিশ সুপার জানান, অভিযানের শুরুতে সদর উপজেলার কদমতলা বাজার এলাকা থেকে সন্দেহভাজন হিসেবে মো. হাসান ওরফে মেহেদী হাসান ও মোহাম্মদ আল-আমিন শেখকে আটক করে জিজ্ঞাসাবাদ করা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

আত্মপ্রত্যাশা প্রতিদিন

বরিশাল ৯ শনিবার ৯ ০৪ জুলাই ২০২৬ ৯ ১৯ আষাঢ় ১৪৩৩

আমতলীর প্রাণকেন্দ্রে হতে যাচ্ছে মিনি স্টেডিয়াম

আমতলী প্রতিনিধি
বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান এর ঘোষণা অনুযায়ী সারাদেশের ন্যায় বরগুনার আমতলী উপজেলার পৌর শহরের পশ্চিম প্রান্তবর্তী স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে টানা প্রাণকেন্দ্রে মিনি স্টেডিয়াম তিন দিন ধরে সীমানা চিহ্নিত করে প্রায় ৩ একর জমি নির্ধারণ করা হয়েছে। উপজেলা সহকারী কমিশনার ভূমি (এসিলাভ) মুহাম্মদ আশরাফুল ইসলাম সরজমিনে উপস্থিত থেকে মিনি স্টেডিয়াম এর জন্য উপজেলা আমতলী, জে.এল. নং-৩০০, মৌজা: চাণ্ডা এ.এ. এ থিয়ান ৩ এর পাতায় দেখুন

১২০ বছরের গৌরবময় ইতিহাস, জাতীয়করণের অপেক্ষায় বার্থী তাঁরা মাধ্যমিক বিদ্যালয়

এস এম নয়ন, পৌরনদী
একটি শিক্ষা প্রতিষ্ঠান শুধু পাঠদানের কেন্দ্র নয়; এটি একটি জনপদের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও ভবিষ্যৎ নির্মাণের অন্যতম ভিত্তি। বরিশালের গৌরনদী উপজেলার বার্থী মাধ্যমিক বিদ্যালয় তেমনই একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান, যা প্রতিষ্ঠার ১২০ বছর বেশি সময় অতিক্রম করলেও এখনও জাতীয়করণের অপেক্ষায় সুপ্রতিষ্ঠিত শিক্ষা রয়েছে। ১৯০৫ সালে ব্রিটিশ শাসনামলে, যখন দক্ষিণাঞ্চলে শিক্ষার সুযোগ ছিল অত্যন্ত সীমিত, তখন স্থানীয় শিক্ষানুরাগী ও সমাজসেবীদের উদ্যোগে বিদ্যালয়টির যাত্রা শুরু হয়। একটি ছোট টিনশেড ঘর থেকে শুরু হওয়া সেই পথচলা আজ এক শতাব্দীরও বেশি সময় ধরে দক্ষিণাঞ্চলের অন্যতম ৩ এর পাতায় দেখুন



আ. লীগ কর্মীকে পুলিশের কাছ থেকে ছিনিয়ে নেয়ার ঘটনায় মামলা

মুলাদী প্রতিনিধি
বরিশালের মুলাদীতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের এক কর্মীকে গ্রেফতারের পর পুলিশের কাছ থেকে হাভুকাপসহ ছিনিয়ে নেওয়ার ঘটনায় সরকারি কায়ে বাধা ও আসামি ছিনিয়ে নেওয়ার অভিযোগে মামলা হয়েছে। মুলাদী থানার উপপরিদর্শক (এসআই) মনির হোসেন বাদী হয়ে মামলাটি দায়ের করেন। মামলায় আওয়ামী লীগ কর্মী রাসেদুল ইসলাম সেতু ভূঁইয়াকে প্রধান আসামি করা হয়েছে। এ ছাড়া অজ্ঞাতনামা আরও ১৪ জনকে আসামি করা হয়েছে। এর আগে বুধবার বিকেল ৫টার দিকে উপজেলার ৩ এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়ায় তক্ষকসহ যুবক গ্রেফতার, তক্ষক বনে অবমুক্ত

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় বিপন্ন বন্যপ্রাণী তক্ষকসহ সুমন আকন (৪৫) নামের এক যুবক কে আটক করেছে থানা পুলিশ। গতকাল শুক্রবার আনুমানিক পৌনে একটার দিকে পেপারসডার দক্ষিণ ভাণ্ডারিয়ায় মুসলিমপাড়া এলাকার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। পরে উদ্ধারকৃত তক্ষকটি বন বিভাগের সহায়তায় অবমুক্ত করা হয়েছে। আটককৃত সুমন পৌরসভার ৭নং ওয়ার্ডের মুসলিমপাড়া এলাকার বারকে আকনের ছেলে। অভিযোগ রয়েছে সুমন দীর্ঘদিন ধরে দক্ষিণাঞ্চলে বন্যপ্রাণী ও তক্ষক ৩ এর পাতায় দেখুন

মুরগির দাম বেড়েছে, পেঁয়াজ-রসুনের বাজার আগের মতোই

কীর্তনখোলা ডেস্ক
কয়েক দিনের ব্যবধানে কাঁচাবাজারে মুরগির দাম কিছুটা বেড়েছে। তবে দুই-তিন সপ্তাহ আগে বাজারে কয়েক ধরনের চালের দাম যে সামান্য বেড়েছিল, তা এখনো কমেনি; আগের বাড়তি দামেই বিক্রি হচ্ছে। এদিকে সবজি, পেঁয়াজ ও রসুনের মতো অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে বড় কোনো হেরফের হয়নি, দাম রয়েছে আগের মতোই স্থিতিশীল। শুক্রবার (৩ জুলাই) নগরীর ঘুরে ক্রেতা ও বিক্রেতাদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে। বাজারে দেখা গেছে, সপ্তাহখানেকের ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার:
এমপালো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৪২-১৩৪৪০৮, ০১৭১১-২৪০৮৬৬
০১৭১৪-০৬৮৮৬৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

রাখাইনে ফের সংঘাত রোহিঙ্গা অনুপ্রবেশের শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক
কক্সবাজারের টেকনাফ সীমান্তসংলগ্ন মিয়ানমারের রাখাইন রাজ্যে নতুন করে সংঘাত সৃষ্টি হওয়ায় রোহিঙ্গা অনুপ্রবেশের শঙ্কা দেখা দিয়েছে। তবে সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সতর্ক অবস্থানে রয়েছে। বুধবার (১ জুলাই) ৩ এর পাতায় দেখুন

বাউফলে সড়ক সংস্কার উদ্বোধন ও নদী ভাঙন পরিদর্শন করলেন ড. মাসুদ

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলের নাজিরপুর ইউনিয়নের নদী ভাঙন কবলিত এলাকা পরিদর্শন এবং সড়ক সংস্কারের উদ্বোধন করেছেন পটুয়াখালী-২, আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। শুক্রবার (৩ জুলাই) সকাল সাড়ে ১১টায় নাজিরপুরের নিমাদি এলাকায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ার ইউসুফ হত্যা মামলার প্রধান আসামি গ্রেফতার

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার আলোচিত ইউসুফ শরীফ হত্যা মামলার প্রধান আসামি আরাকান্ড শরীফকে (৩০) গ্রেফতার করেছে রপাণ্ডিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। শুক্রবার (৩ জুলাই) র্যাব-৮, বরিশালের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বৃহস্পতিবার বিকেলে খাগড়াছড়ির লক্ষীছড়ি উপজেলা থেকে যৌথ অভিযানে তাকে গ্রেফতার করা হয়। র্যাব জানায়, র্যাব-৮ ৩ এর পাতায় দেখুন



সাঁঙ্গীর সাক্ষী সুখরঞ্জন বালিকে গুন্ডার ঘটনায় এসপি ফজলুর রহমান গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
পিরোজপুরের সুখরঞ্জন বালিকে ‘গুন্ডার ঘটনায়’ জড়িত থাকার অভিযোগে এক সহকারী পুলিশ সুপারকে (এএসপি) গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে জামায়াত নেতা দেলাওয়ার হোসাইন সাঈদীর পক্ষে সাক্ষ্য দিতে এসে ২০১২ সালে ট্রাইব্যুনাল এলাকা থেকে নিয়োগ হন তিনি। ডিবি’র অতিরিক্ত কমিশনার শফিকুল ৩ এর পাতায় দেখুন



নিয়মিতদের হাতে অনিয়মিত প্রশ্ন কেন্দ্র সচিবসহ ৫ জনকে অব্যাহতি

নলছিটি প্রতিনিধি
এইচএসসি ও আলিম পরীক্ষার প্রথম দিনেই ঝালকাঠির নলছিটি উপজেলার একটি কেন্দ্রে নিয়মিত পরীক্ষার্থীদের অনিয়মিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার ঘটনা ঘটেছে। বিষয়টি পরীক্ষা শেষে জানাজানি হলে শিক্ষার্থীরা উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে অভিযোগ করেন। পরে কেন্দ্র সচিবসহ ৫ জনকে পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়। বৃহস্পতিবার (০২ জুলাই) আলিম পরীক্ষার প্রথম দিনে উপজেলার হুয়ায় বৈশাখীয়া দাখিল মাদ্রাসা পরীক্ষাকেন্দ্রে এ ঘটনা ঘটে। উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, ওই কেন্দ্রে ৬৫ নিয়মিত পরীক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত প্রশ্নপত্রে ৩ এর পাতায় দেখুন

বিশিষ্টরাহির রহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১২২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com